

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/ ১০ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.৫২১.০৮.০৬৪.১৫-৬০২—দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও কমিশনার নিয়োগের জন্য সুপারিশ প্রদানের নিমিত্ত দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ৭ ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করা হলোঃ

- |  |        |
|--|--------|
| (ক) বিচারপতি জনাব মোঃ রেজাউল হক<br>মাননীয় বিচারক, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা    | সভাপতি |
| (খ) বিচারপতি জনাব ফারাহ মাহবুব<br>মাননীয় বিচারক, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা | সদস্য  |
| (গ) জনাব মো: নূরুল ইসলাম<br>বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক                         | সদস্য  |
| (ঘ) অধ্যাপক ড. মোবাম্মের মোনেম<br>চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন                      | সদস্য  |
| (ঙ) জনাব মোঃ মাহবুব হোসেন<br>(সর্বশেষ অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব)                           | সদস্য। |

(২৮১৩৩)

মূল্য : টাকা ৪.০০

২। বাছাই কমিটি, চেয়ারম্যান ও কমিশনার নিয়োগে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে, উপস্থিত সদস্যদের অন্যান্য ৩ (তিন) জনের সিদ্ধান্তের ভিত্তিতে কমিশনারের প্রতিটি শূন্য পদের বিপরীতে ২ (দুই) জন ব্যক্তির নামের তালিকা প্রণয়ন করে উক্ত আইনের ধারা ৬-এর অধীন নিয়োগ প্রদানের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবে।

৩। অন্যান্য ৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে বাছাই কমিটির কোরাম গঠিত হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত বাছাই কমিটির কার্য-সম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ  
মন্ত্রিপরিষদ সচিব